110

দৈনিক ইনকিলাব

তারিখ ... 13 AUG 1997 ...
পৃষ্ঠা: ... কলাম ...

# ঢাঃ বিঃ-এর ভিসি ও রেজিস্ট্রারের প্রতি উকিল নোটিশ

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি বিভাগে সিএন্ডডি কমিটির সুপারিশ ছাড়াই সিন্ডিকেট বেআইনীভাবে একজন শিক্ষক নিয়োগ করায় বিভাগীয় চেয়ারম্যান ডঃ মোহাম্মদ আহাদ আলীর পক্ষে গতকাল বিশ্ববিদ্যালয়ের ভিসি ও রেজিস্ট্রারকে উকিল নোটিশ দেয়া হয়েছে। উকিল নোটিশে উক্ত বেআইনী নিয়োগ ৭২ ঘন্টার মধ্যে প্রত্যাহারের জন্য আহবান জানিয়ে বলা হয়, অন্যথায় এই অবৈধ নিয়োগের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করা হবে।

রসায়ন বিভাগ সূত্রে জানা গেছে,- উক্ত বিভাগে ছুটিজনিত শূন্য সহকারী অধ্যাপক পদে শিক্ষক নিয়োগের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত ২৬ মে পত্র-পত্রিকায় বিজ্ঞাপন দেয়। কিন্তু উক্ত বিজ্ঞাপিত পদটি বাতিল করে গত ১০ জুলাইয়ের সিন্ডিকেট সভায় বিভাগীয় সিএন্ডডি কমিটির সুপারিশ ছাড়াই পেছনের দরজা দিয়ে ডঃ সৈয়দ মোঃ শামসুদ্দীনকে উক্ত পদে নিয়োগ দেয়া হয় এবং সিন্ডিকেটের এই সিদ্ধান্তকেই কার্যকর করার আদেশ প্রদান করা হয়। সূত্র মতে, এটা ঢাকা বিশ্ববিদ্যালয় অধ্যাদেশের পার্ট-১-এর ৪৩ ধারার পরিপন্থী। এই বেআইনী নিয়োগের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের সভায় তিনজন সদস্য অধ্যাপক এ টি এম জহুরুল হক, অধ্যাপক মুস্তাফিজুর রহমান ও অধ্যাপক শফিকুর রহমান নোট অব ডিসেন্ট প্রদান করেছিলেন। বিভাগীয় সিএন্ডডি কমিটি শিক্ষা কার্যক্রম সুষ্ঠু পরিচালনার স্বার্থে সিন্ডিকেটের এ নিয়োগ কার্যকর না করার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ করে। কিন্তু তা না করায় উকিল নোটিশ দেয়া হয়।